



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৬.০৪.২৬০.২০- ৬৬

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০


অফিস আদেশ

জনাব মো: হাফিজুর রহমান সেরনিয়াবাত (সাময়িক বরখাস্ত), সাচিবিক দপ্তর, নিরাপত্তা প্রহরী হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে চাকরিতে নিয়োজিত আছেন। তিনি বিগত ১০/০৮/২০১৯ ইং তারিখ রাত আনুমানিক ৭:৩০ ঘটিকায় ভান্ডার ও ক্রয় কর্মকর্তা জনাব মো: আব্দুল বাছেদ সরকার'কে দাপ্তরিক কার্য সম্পাদনকালীন সময়ে অফিস রুমে রেখে মূল দরজায় তালাবদ্ধ করে চলে যান। পরবর্তীতে অফিসের কার্য সম্পাদন শেষে রাত্রিকালীন সময়ে এশার নামায আদায় করে অফিস ত্যাগ করার জন্য প্রতুত হলে অফিসের মূল দরজা বন্ধ পেয়ে আটকা পড়ে তাকে ডাকতে থাকেন। জনাব মো: আব্দুল বাছেদ সরকার শারীরিক ভাবে একজন অসুস্থ মানুষ (হার্টে রিং পড়ানো) কাউকে না পেয়ে সম্পূর্ণ একা থাকায় তিনি খুবই ভীত সন্ত্রস্ত হয়ে পড়েন। তার মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করার চেষ্টা করলে কোন জবাব পাওয়া যায়নি। এছাড়াও নিরাপত্তা প্রহরী হিসেবে দায়িত্ব পালনে তিনি সর্বদা উদাসীন, অফিসে বিলম্বে উপস্থিত হওয়া, নিদিষ্ট সময়ের পূর্বে অফিস ত্যাগ করাসহ দায়িত্ব পালনকালীন সময়ে ইউনিফর্ম পরিধান না করা তার অভ্যাসগত স্বভাব। তাছাড়া বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ইতোপূর্বে গত ১০/০৪/২০১৯ খ্রি: তারিখে ৪৬.১০.০০০০.০০৬.৯৯.১১৫.১৮-২০ নং স্মারকে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তথাপিও তার কার্যকলাপের কোন প্রকার পরিবর্তন পরিলক্ষিত হয়নি মর্মে ভান্ডার ও ক্রয় বিভাগ থেকে অভিযোগ উত্থাপিত হয়।

২.০ ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ১৯৮৯ এর ৩৯ এর (ক) ও (খ) উপ-ধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ অভিযোগে অভিযুক্ত করে গত ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখ ৪৬.১০.০০০০.০০৪.৪৫.০১৫.০৯-৭৩৯ সংখ্যক স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০২/২০২০ বুজু করা হয়।

৩.০ তার ব্যক্তিগত শুনানী এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তিরস্কার দন্ড প্রদানপূর্বক ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলা নং-০২/২০২০ নিষ্পত্তি করে চাকরিতে পুনর্বহাল করা হলো।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


তারিখঃ ২৪/৯/২০২০
মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন নং- ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

বিতরণ : (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আদেশটি ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।
৪. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. জনাব মো: হাফিজুর রহমান সেরনিয়াবাত, নিরাপত্তা প্রহরী, সাচিবিক দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. অফিস কপি।